ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের অনির্দিষ্টকাল ধর্মঘট শুরু

**রা.বি প্রতিনিধি :** রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের ডাকা অনির্দিষ্টকাল ধর্মঘটের প্রথম দিন গতকাল বুধবার কোনো অপ্রীতিকর ঘটনা ছাড়াই অতিবাহিত হয়। সকাল ৭টা থেকেই ছাত্রদল ক্যাম্পাসে অবস্থান করলেও কড়া পুলিশ প্রহরায় প্রশাসনিক ভবনসহ সকল বিভাগীয় অফিসে কর্মকাণ্ড চলেছে।

বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন, অগ্রণী ব্যাংক, পোস্ট অফিস, কেন্দ্রীয় লাইব্রেরি ও বিভিন্ন একাডেমিক ভবন এ সময় খোলা থাকে। ধর্মঘট চলাকালে চারুকলা বিভাগের পরীক্ষাসহ সামাজিক বিজ্ঞান অনুষদের কয়েকটি বিভাগের ক্লাস অনুষ্ঠিত হয় বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়। তবে ধর্মঘট চলাকালে ছাত্রদলের দফায় দফায় মিছিল ও সমাবেশে ক্যাম্পাসে আতঙ্ক ছড়িয়ে পড়ায় শিক্ষার্থীদের উপস্থিতি ছিল কম।

এদিকে ছাত্রদলকে ধর্মঘট প্রত্যাহার করে আলোচনার উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন পত্র প্রদান করলেও ছাত্রদল তা প্রত্যাখ্যান করে।